

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪০১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫) প্রথম ওয়াক্তে নামায আদায় করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلاة في أول وقتها

আরবী

(حسن لغيره) وروي عن كَعْبُ بن عُجْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ سَبْعَةُ نَفَر، أَرْبَعَةٌ مِنْ مَوَالِينَا، وَثَلاثَةٌ مِنْ عَرَبِنَا مُسْنِدِي طُهُورَنَا إِلَى مَسْجِدِهِ، فَقَالَ: "مَا أَجْلَسُكُمْ؟"، قُلْنَا: جَلَسْنَا نَنْتَظِرُ الصَّلاةَ، قَالَ: فَأَلَ: فَقَالَ: هَلْ تَدْرُونَ مَا يَقُولُ رَبُّكُمْ؟"، قُلْنَا: لا، قَالَ: "فَإِنَّ رَبَّكُمْ، يَقُولُ: مَنْ ثُمَّ أَقْبُلَ عَلَيْنَا ، فَقَالَ: "هَلْ تَدْرُونَ مَا يَقُولُ رَبُّكُمْ؟"، قُلْنَا: لا، قَالَ: "فَإِنَّ رَبَّكُمْ، يَقُولُ: مَنْ ثُمَّ أَقْبُلَ عَلَيْنَا ، فَقَالَ: "هَلْ تَدْرُونَ مَا يَقُولُ رَبُّكُمْ؟"، قُلْنَا: لا، قَالَ: "فَإِنَّ رَبَّكُمْ، يَقُولُ: مَنْ صَلِّهُا وَقَيْقَا اللَّهِ خَلِقَهُا اللهِ عَلَيْهَا اللهُ عَلَيْهَا اللهِ عَلَى عَهْدًا اللهِ عَلَيْهَا اللهِ عَهْدَ أَنْ أَدْخِلَهُ الْجَنَّةَ، وَمَنْ لَمْ يُصَلِّهَا لِوَقْتِهَا، وَلَمْ يُصَلِّهَا لِوَقْتِهَا وَلَمْ يُضِعِعها السَّتِخْفَاقًا بِحَقِّهَا فَلاهُ عَلِيَّ عَهْدَ أَنْ أَدْخِلَهُ الْجَنَّةَ، وَمَنْ لَمْ يُصَلِّهَا لِوَقْتِهَا وَلَمْ يُصَلِّهَا لِوَقْتِهَا وَلَمْ يُحَافِظُ عَلَيْهَا السَّتِخْفَاقًا بِحَقِّهَا فَلا عَهْدَ أَنْ أَدْخِلَهُ الْجَنَّةَ، وَمَنْ لَمْ يُصَلِّهَا لِوَقْتِهَا وَلَوْتُهَا، وَلَمْ يُصَلِّهَا لِوَقْتِهَا وَلَمْ يُحَافِظُ عَلَيْهَا السَّتِخْفَاقًا بِحَقِّهَا فَلا عَهْدَ لَهُ عَلِيَّ إِنْ شِئْتُ عَذَبُنُهُ، وَإِنْ شِئْتُ عَفَرْتُ لَهُ الْهُ. رواه الطبراني في الكبير والأوسط وأحمد بنحوه

বাংলা

৪০১. (হাসান লি গাইরিহী) কা'ব বিন উ'জরা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেন, আমরা একদা সাত ব্যক্তি এক জায়গায় বসে ছিলাম এমন সময় রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের কাছে আগমন করলেন। আমাদের সাত জনের মধ্যে চার জন আযাদকৃত দাস আর তিনজন ছিলেন স্বাধীন ব্যক্তি। আমরা তখন মসজিদের দেয়ালে পিঠ লাগিয়ে হেলান দিয়ে বসে ছিলাম।

তখন তিনি (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ "কি কারণে তোমরা এখানে বসে আছো।" আমরা বললামঃ নামাযের অপেক্ষায় আমরা বসে আছি।
তখন তিনি কিছুক্ষন চুপ থাকলেন। তারপর তিনি আমাদের সামনে আসলেন এবং বললেনঃ
"তোমরা কি জানে তোমাদের পালনকর্তা কি বলেছেন?"
আমরা বললামঃ না।



তিনি বললেনঃ "তোমাদের পালনকর্তা বলেছেন, যে ব্যক্তি সময়মত নামায আদায় করবে এবং উহার প্রতি যত্নবান হবে। আর কোন একটি নামাযের অধিকারকে হালকা মনে করে তা বিনষ্ট করবে না। তাহলে তার জন্যে আমার উপর অঙ্গিকার হলো আমি তাকে জানাতে প্রবেশ করাবো। আর যে ব্যক্তি সময়মত নামায আদায় করবে না, তার প্রতি যত্নবান হবে না এবং এর অধিকারকে হালকা মনে করে বিনষ্ট করবে। তাহলে তার জন্যে আমার উপর কোন অঙ্গিকার নেই। আমি ইচ্ছা করলে তাকে শাস্তি দিব, ইচ্ছা করলে ক্ষমা করে দিব।"

(ত্বাবরানী [কাবীর ও আওসাত গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন এবং ইমাম আহমাদ ৪/২৪৪ অনুরূপভাবে হাদীছটি বর্ণনা করেছেন।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন